

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট  
(বারটান)  
পুষ্টি শিক্ষা শাখা  
সেচ ভবন, ২২ মানিক মিয়া এভিনিউ, ঢাকা  
[www.birtan.gov.bd](http://www.birtan.gov.bd)

কৃষিই সমৃদ্ধি

স্মারক নম্বর: ১২.০৯.০০০০.০০৬.৭১.০০১.১৮.৮

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৫


০৪ ডিসেম্বর ২০১৮

বিষয়: বিদেশগামী কর্মীদের খাদ্যভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ে প্রশিক্ষণ প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান) কৃষি মন্ত্রণালয়ের অধীনস্থ একটি স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান। বারটান নিরাপদ ও প্রয়োজনীয় সুস্বাদু খাদ্য নিশ্চিতকরণপূর্বক জনগণের পুষ্টি স্তর উন্নয়নে খাদ্যভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করছে। এছাড়াও পুষ্টি বিষয়ে সচেতনতা সৃষ্টির জন্য পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ প্রদান করছে। পুষ্টির অবস্থা নির্ধারণ, পুষ্টি সম্পর্কিত জ্ঞানের স্তর বৃদ্ধি এবং পুষ্টি সমৃদ্ধ সুস্বাদু খাবার গ্রহণের মাধ্যমে পুষ্টি চাহিদা পূরণ করার প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতনতা বৃদ্ধির কার্যক্রম অব্যাহত আছে।

০২। বাংলাদেশ হতে উল্লেখযোগ্য সংখ্যক কর্মী প্রতি বছর বিদেশে গমন করছেন। বিভিন্ন তথ্য হতে জানা যায় যে, বিদেশে কর্মরত কর্মীদের মধ্যে একটি বৃহৎ অংশ হৃদরোগে মৃত্যুবরণ করছেন। অনুমান করা যায় যে, বিদেশে কর্মরত কর্মীদের অনেকেই পুষ্টি সম্পর্কিত জ্ঞানের অভাব, পুষ্টি সমৃদ্ধ সুস্বাদু খাবার গ্রহণ না করা, শারীরিক সক্রিয়তার ঘাটতি, ত্রুটিপূর্ণ খাদ্যাভ্যাস এবং নিয়ন্ত্রিত জীবনযাপনের অনীহা ইত্যাদি কারণে অনেকেই হৃদরোগসহ অন্যান্য কারণে মৃত্যুবরণ করছেন। এ অবস্থা থেকে উত্তরণের জন্য বিদেশগামী কর্মীদেরকে প্রাক-বহির্গমন ব্রিফিং প্রদানকালে খাদ্যভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা যেতে পারে। বারটান নিয়মিত কাজের অংশ হিসেবে বিদেশগামী কর্মীদেরকে এ ধরনের প্রশিক্ষণ প্রদান করাতে আগ্রহী।

০৩। এমতাবস্থায়, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো কর্তৃক ঢাকাস্থ তিনটি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে বিদেশগামী কর্মীদেরকে প্রাক-বহির্গমন ব্রিফিং প্রদানকালে বারটান-কে খাদ্যভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ে প্রশিক্ষণ প্রদানের সুযোগ দানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।



৪-১২-২০১৮

মোহাম্মদ নজমুল ইসলাম

নির্বাহী পরিচালক

মহাপরিচালক

জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো  
৮৯/২ কাকরাইল, ঢাকা

স্মারক নং:- ৪৯.০১.০০০০.৩৪০.১৮.০২১.১৬/৪৭৫

তারিখ: ০৫/পৌষ, ১৪২৫  
২০/ ডিসেম্বর, ২০১৮

বিষয়:- বিদেশগামী কর্মীদের খাদ্যাভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ে প্রশিক্ষণ প্রদান প্রসঙ্গে।  
সূত্র:- স্মারক নং- ১২.০৯.০০০০.০০৬.৭১.০০১.১৮.৮ তারিখঃ ০৪ ডিসেম্বর, ২০১৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে বিদেশগামী কর্মীদের খাদ্য, পুষ্টি ও স্বাস্থ্যসম্মত জীবনযাপন সম্পর্কে সঠিক জ্ঞান লাভের উদ্দেশ্যে ঢাকাস্থ তিনটি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র সমূহে (বিকোটিটিসি, বিজিটিটিসি এবং শেখ ফজিলাতুন্নেসা মুজিব মহিলা টিটিসি) প্রাক-বহির্গমন কোর্সে এ সংক্রান্ত বিষয়ে ০১ (এক) ঘন্টার একটি মড্যুলার প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করার জন্য বারটানকে অনুমতি প্রদান করা হল। এছাড়াও কাকরাইলে অবস্থিত বিএমইটিতে কর্মরত কর্মচারী/কর্মকর্তাগণের উদ্দেশ্যে পুষ্টি বিষয়ক একটি প্রশিক্ষণ আয়োজন করার জন্য অনুরোধ করা হল।

 ২০.১২.১৮

(ডঃ মোঃ নূরুল ইসলাম)  
পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা)

ফোনঃ- ৪৯৩৩৫৪৬৩

ই-মেইলঃ- dirtg.bmet@gmail.com

নির্বাহী পরিচালক  
বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও  
প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)  
সেচ ভবন, ২২ মানিক মিয়া এভিনিউ,  
ঢাকা